

লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের নব নিযুক্ত ডিন অধ্যাপক ড. মোঃ
মনিরুজ্জামান খন্দকার



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদে নব নিযুক্ত ডিন হিসেবে উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার যোগদান করেছেন। এই উপলক্ষে ৩ ফেব্রুয়ারি ২০২২, বৃহস্পতিবার নব নিযুক্ত ডিন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদে নতুন ডিন হিসেবে উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার আগামী ৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য নিযুক্ত হলেন।